

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫০৫

আগরতলা, ২৪ জুন, ২০২৪

**মৃগরামপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে টিকাকরণ কর্মসূচি**

উনকোটি জেলার কৃষ্ণটিকা আয়ুস্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত মৃগরামপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সম্প্রতি নিয়মিত টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে ২ জন শিশু ও ৪ জন গর্ভবতী মহিলাকে টিকাকরণ করা হয়। অনুষ্ঠানে মা ও শিশুদের নিয়মিত টিকাকরণের গুরুত্ব, জননী সুরক্ষা কার্যক্রম, জননী সুরক্ষা যোজনা, প্রাতিষ্ঠানিক প্রসব, জাতীয় পতঙ্গবাহিত রোগ নিয়ন্ত্রণ প্রকল্পে ম্যালেরিয়া প্রতিরোধের উপায়, আভা কার্ড জেনারেশনের পদ্ধতি নিয়ে স্বাস্থ্যকর্মীগণ আলোচনা করেন। তাছাড়াও উনকোটি জেলার দক্ষিণ ধনীছড়া আয়ুস্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত ধনীছড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রেও নিয়মিত টিকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*